# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৩৬৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৬০]

১১/ (আল্লাহর পথে) জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২৩৭: গোলামের সাথে সদ্ব্যবহার করার ফযীলত

(237) بَابُ فَضْلِ الْإِحْسَانِ إِلَى الْمَمْلُوْكِ

আরবী

وَعَن المَعْرُورِ بن سُوَيْدٍ، قَالَ: رَأيْتُ أَبَا ذَرٍّ رضي الله عنه، وَعَلَيهِ حُلَّةٌ وَعَلَى غُلاَمِهِ مِثْلُهَا، فَسَأَلْتُهُ عَنْ ذَلِكَ، فَذَكَرَ أنَّهُ قَدْ سَابَّ رَجُلاً عَلَى عَهْدِ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم، فَعَيَّرَهُ بِأُمِّهِ، فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: «إنَّكَ امْرُؤٌ فِيكَ جَاهِلِيَّةٌ، هُمْ إخْوَانُكُمْ وَخَوَلُكُمْ، جَعَلَهُمُ الله تَحْتَ أَيديْكُمْ، فَمَنْ كَانَ أَخُوهُ تَحْتَ يَدِهِ، فَلْيُطْعِمْهُ مِمَّا يَأكُلُ، وَلْيُلْبِسْهُ مِمَّا يَلْبَسُ، وَلاَ تُكَلِّفُوهُمْ مَا يَغْلِبُهُمْ، فَإنْ كَلَّفْتُمُوهُمْ فَأَعِينُوهُمْ». متفقٌ عَلَيْهِ

বাংলা

মহান আল্লাহ বলেছেন,

﴿وَاعْبُدُوا اللَّهَ وَلَا تُشْرِكُوا بِهِ شَيْئًا ۖ وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا وَبِذِي الْقُرْبَىٰ وَالْيَتَامَىٰ وَالْمَسَاكِينِ وَالْجَارِ ذِي الْقُرْبَىٰ وَالْجَارِ الْجُنُبِ وَالصَّاحِبِ بِالْجَنْبِ وَابْنِ السَّبِيلِ وَمَا مَلَكَتْ أَيْمَانُكُمْ ۗ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ مَن كَانَ مُخْتَالًا فَخُورًا﴾ (النساء : ٣٦)

অর্থাৎ তোমরা আল্লাহর উপাসনা কর ও কোন কিছুকে তাঁর অংশী করো না এবং পিতা-মাতা, আত্মীয়-স্বজন, পিতৃহীন, অভাবগ্রস্ত, আত্মীয় ও অনাত্মীয় প্রতিবেশী, সঙ্গী-সাথী, পথচারী এবং তোমাদের অধিকারভুক্ত দাস-দাসীদের প্রতি সদ্ব্যবহার কর। (সূরা নিসা ৩৬ আয়াত)

---

১/১৩৬৮। মা’রূর ইবনে সুওয়াইদ হতে বর্ণিত, তিনি বলেন, একদা আমি আবূ যর রাদিয়াল্লাহু আনহু-কে দেখলাম যে, তাঁর পরনে জোড়া পোশাক রয়েছে এবং তাঁর গোলামের পরনেও অনুরূপ জোড়া পোশাক বিদ্যমান! আমি তাঁকে সে সম্পর্কে প্রশ্ন করলাম। তিনি ঘটনা উল্লেখ করে বললেন যে, ’তিনি আল্লাহর রাসূলের যুগে তাঁর এক

গোলামকে গালি দিয়েছিলেন এবং তাকে তার মায়ের সম্বন্ধ ধরে হেয় প্রতিপন্ন করেছিলেন। এ কথা শুনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বলেছিলেন, “(হে আবূ যর!) নিশ্চয় তুমি এমন লোক; যার মধ্যে জাহেলিয়াত (ইসলামের পূর্ব যুগের অভ্যাস) রয়েছে! ওরা তোমাদের ভাই স্বরূপ এবং তোমাদের সেবক। আল্লাহ ওদেরকে তোমাদের মালিকানাধীন করেছেন।

সুতরাং যে ব্যক্তির ভাইকে আল্লাহ তার মালিকানাধীন করেছেন, সে ব্যক্তি যেন তাকে (দাসকে) তাই খাওয়ায়; যা সে নিজে খায় এবং তাই পরায় যা সে নিজে পরে। আর তোমরা ওদেরকে এমন কাজের ভার দিয়ো না, যা করতে ওরা সক্ষম নয়। পরন্তু যদি তোমরা এমন দুঃসাধ্য কাজের ভার দিয়েই ফেল, তাহলে তোমরা ওদের সহযোগিতা কর।” (বুখারী ও মুসলিম)[1]

## English

(237) Chapter: The Excellence of Kind Attitude towards Slaves

Allah, the Exalted, says:
"Worship Allah and join none with Him (in worship); and do good to parents, kinsfolk, orphans, Al-Masakin (the poor), the neighbour who is near of kin, the neighbour who is a stranger, the companion by your side, the wayfarer (you meet), and those (slaves) whom your right hands possess.'' (4:36)

Al-Ma'rur bin Suwaid (May Allah be pleased with him) reported:
I saw Abu Dharr (May Allah be pleased with him) wearing a nice gown, and his slave was also wearing one similar to it. I asked him about it, and he said that he had exchanged harsh words with a person during the lifetime of the Messenger of Allah (ﷺ) and put him to shame by making a reference to his mother. That person came to the Messenger of Allah (ﷺ) and made mention of that to him. Thereupon the Messenger of Allah said, "You are a person who has remnants of the 'Days of Ignorance' in you. Your slaves are your brothers. Allah has placed them under your authority. He who has his brother under him, should feed him from whatever he eats, and dress him with whatever he wears, and do not burden them (assign burdensome task to them) beyond their capacity; and if you burden them then help them."

[Al- Bukhari and Muslim].

Commentary:
1. This Hadith enjoins good treatment of the slaves and contains the elucidation that one should give them the same food and clothes which one

has for oneself, or one should give them such wages that they can have the same food and clothes which he has for himself because as far as religion and humanity are concerned, the slaves have the status of one's brother, and their human needs are not different from the needs of their masters. This order also applies to labourers who work in factories, shops and homes. They should be given wages for their work on the strict consideration that they are also human beings and brothers - as if they are members of one's family. It is regrettable indeed that these teachings of Islam have been reglected in the Islamic countries. Not to speak of treating them as brothers, the factory owners, shopkeepers and capitalists of these countries are not prepared to treat them as
human beings. The result is that while these employers are rolling in luxury, they do not give to their employees even such wages which can suffice for their human needs. May Allah grant them the ability to act upon the teachings of their religion.

2. It is equally important that the employees and labourers should not be burdened with such heavy work which they are unable to bear. If the employees are ever given any such work, the employers must share such work with them.

3. Pride on one's own ancestory and condemnation of others on this account are remnants of the Age of Ignorance which were rooted out by Islam. Muslims should keep themselves away from such vainglorious thoughts. It is a pity that this evil of the pre-Islamic age has now been adopted again by Muslims. We find it very common in the presentday Muslim societies.

4. By issuing the instruction mentioned in this Hadith, Islam has arranged to establish equality in the true sense of the word. Islam does not make any claim of uniting the labour class and weaker segments of the society for confrontation with the capitalists because this breeds class hatred which ruins the peace and progress of the society. Instead of creating enmity, Islam fosters brotherhood between the employer and employed, the master and the slave, the ruler and the ruled. It also exhorts them to be sympathetic and helpful to each other. By stressing the rights of people, it teaches both classes to love and respect each other. This is the reason why in Islam the merit for distinction is not wealth and abundance but Faith and fear of Allah alone which even the poorest of the poor can possess and which may be missing even in the richest of the rich in society.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৩০, ২৫৪৫, ৬০৫০, মুসলিম ১৬৬১, তিরমিযী ১৯৪৫, আবূ দাউদ ৫১৫৭, ৫১৫৮, ইবনু মাজাহ ৩৬৯০, আহমাদ ২০৯০০, ২০৯২১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ মা'রূর ইবনু সুওয়াইদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=26984

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন